গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ৩১/০৮/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভার মাধ্যম : অনলাইন জুম ক্লাউড মিটিং।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে)

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় এ উপজেলায় আইসিটি কার্যক্রমের বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

০২. ই-নথি সংক্রান্ত আলোচনা :

সভায় সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, রাজবাড়ী সদর উপজেলায় এখন ই-নথি সিস্টেমে ০৭ (সাত) টি অফিস লাইভে আছে এবং ০১ টি ব্যাচে ২৫ জন কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল নথি (ডি-নথি) সিস্টেমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ডিজিটাল নথি (ডি-নথি) সিস্টেমের উপর উপজেলার সমস্ত দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : উপজেলার সকল কর্মকর্তা ও কর্মচারীদের ডি-নথির উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং লাইভে থাকা অফিসগুলোকে ই-নথির কার্যক্রম চালু রাখতে হবে।

০৩. ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :

সভায় উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের উপর আলোচনা করা হয় এবং প্রতিটি দপ্তর ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করবে এই মর্মে আলোচনা হয়। নিম্নে সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল রিপোর্ট ছকে দেখানো হলো।

| অফিসের নাম | মোট লিংক | ব্রোকেন লিংক | লিঙ্কে ডাটা নেই | এক্সটারনাল লিংক | সেবাবক্স লিংক | শতকরা রিপোর্ট |
|---|---|---|---|---|---|---|
| আনসার ও ভিডিপি | ৮১ | ০ | ০ | ৪৯ | ৩২ | ১০০% |
| ভূমি অফিস | ৮৭ | ০ | ০ | ৫০ | ৩২ | ১০০% |
| উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় | ৮৭ | ০ | ০ | ৫১ | ৩২ | ১০০% |
| উপজেলা সমাজসেবা অফিস | ১০০ | ০ | ০ | ৪৮ | ৩২ | ১০০% |
| উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ৯৭ | ০ | ০ | ৪৫ | ৩২ | ১০০% |
| উপ-সহকারি প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল | ৭১ | ০ | ০ | ৪৫ | ৩২ | ১০০% |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | ৮৮ | ০ | ০ | ৫০ | ৩২ | ১০০% |
| উপজেলা নির্বাচন অফিস | ৭৩ | ০ | ০ | ৪৬ | ৩২ | ১০০% |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় | ৯৮ | ০ | ০ | ৫১ | ৩২ | ১০০% |
| উপজেলা পরিসংখ্যান অফিস | ৮৯ | ০ | ০ | ৪৩ | ৩২ | ১০০% |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ৮৫ | ০ | ০ | ৪৪ | ৩২ | ১০০% |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | ৭২ | ০ | ০ | ৪২ | ৩২ | ১০০% |
| উপজেলা প্রকৌশলীর কার্যালয় | ৭৯ | ০ | ০ | ৪৩ | ৩২ | ১০০% |
| উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | ৯১ | ০ | ০ | ৪৯ | ৩২ | ১০০% |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | ৯২ | ০ | ০ | ৪৩ | ৩২ | ১০০% |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৮৯ | ০ | ০ | ৪৪ | ৩২ | ১০০% |
| উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | ৭৭ | ০ | ০ | ৪৩ | ৩২ | ১০০% |
| উপজেলা যুব উন্নয়ন অফিস | ৯৩ | ০ | ০ | ৪৭ | ৩২ | ১০০% |
| উপজেলা রিসোর্স সেন্টার ,সদর, রাজবাড়ী। | ৭৩ | ০ | ০ | ৪৭ | ৩২ | ১০০% |
| উপজেলা শিক্ষা অফিস | ৯৭ | ০ | ০ | ৪৮ | ৩২ | ১০০% |
| উপজেলা সমবায় অফিস | ৯৩ | ০ | ০ | ৪২ | ৩২ | ১০০% |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| উপজেলা সাব রেজিষ্টার অফিস | ৭৩ | ০ | ০ | ৪৩ | ৩২ | ১০০% |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় | ৯২ | ০ | ০ | ৪৬ | ৩২ | ১০০% |
| থানা | ৭৫ | ০ | ০ | ৪০ | ৩২ | ১০০% |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | ৭৮ | ০ | ০ | ৪৫ | ৩২ | ১০০% |
| আমার বাড়ী আমার খামার প্রকল্প | ৭০ | ০ | ০ | ৪৪ | ৩২ | ১০০% |
| উপজেলা বন অফিস | ৭১ | ০ | ০ | ৪৫ | ৩২ | ১০০% |

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট দপ্তরকে নিজ নিজ ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রাখতে হবে এবং ওয়েব পোর্টাল কন্টেন্ট বাংলা ও ইংরেজি দুই ভার্সনে করতে হবে।

০৪. অনলাইন ক্লাস সংক্রান্ত আলোচনা :

সভায় সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, রাজবাড়ী জেলার মধ্যে রাজবাড়ী সদর উপজেলায় সবচেয়ে বেশি অনলাইন ক্লাসে পাঠদান হয়েছে। তিনি সর্বোচ্চ অনলাইন ক্লাস নেওয়া সেরা দশজন শিক্ষকের তালিকা প্রকাশ করেন এবং এদের মধ্যে দেখা যায় জনাব হাফিজুর রহমান, সহকারী শিক্ষক, শেরেবাংলা বালিকা উচ্চ বিদ্যালয় অনলাইনে ৬৪০ টি ক্লাসে পাঠদান করে প্রথম স্থানে অবস্থান করেন। নিয়মিত অনলাইন ক্লাসে পাঠদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় শিক্ষকদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন অনলাইন ক্লাসের সত্যতা যাচাইয়ের জন্য প্রতিটি অনলাইন ক্লাস mmc ড্যাশবোর্ড এবং শিক্ষক বাতায়ন এই দুটি জায়গাতেই আপলোড করতে হবে। এছাড়া অনলাইন ক্লাস পুরাতন mmc ড্যাশবোর্ডে আপলোড করা এবং নির্দেশনা না আসা পর্যন্ত নতুন mmc ড্যাশবোর্ডে আপলোড করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : প্রতিটি অনলাইন ক্লাস mmc ড্যাশবোর্ড এবং শিক্ষক বাতায়ন এই দুটি জায়গাতেই আপলোড করতে হবে। এছাড়া নির্দেশনা না আসা পর্যন্ত অনলাইন ক্লাস পুরাতন mmc ড্যাশবোর্ডে আপলোড করতে হবে।

০৫. শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা :

সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অফিসার ইনচার্জ, রাজবাড়ী সদর মহোদয় জানান তার থানার পরিদর্শন টীম দেখেন রাতের বেলায় অনেক প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে নৈশপ্রহরীকে পাওয়া যায় না। তিনি অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানোর জন্য সবাইকে এ ব্যাপারে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোর নিরাপত্তা বাড়াতে হবে এবং নৈশপ্রহরী রাতের বেলায় যেন সঠিকভাবে দায়িত্ব পালন করে সে ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানকে পত্র প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর কে অনুরোধ জানানো হয়।

০৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর কার্যক্রম নিয়ে আলোচনা :

সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। করোনাকালীন সময়ে উদ্যোক্তাদের সেবা ও মাসিক আয় অনেক কমে গেছে বলে আলোচনায় জানা যায়। উদ্যোক্তাদের নতুন সেবা সংযুক্ত করার অনুরোধ করা হয়। এছাড়া উদ্যোক্তাদের মাসিক আয় বৃদ্ধিতে উপজেলা প্রশাসনের সহযোগিতার প্রয়োজন হলে তা দেওয়া হবে বলে জানানো হয়।

সিদ্ধান্ত : উদ্যোক্তাদের সেবার সংখ্যা ও মাসিক আয় বৃদ্ধি করতে হবে এবং ইউনিয়নের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রাখতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৮/২০২১

(ফাহমি মো. সায়েফ)
পরিচিতি নং- ১৭৩৩৩
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৮২৭৬.০০১.০৬.০০১.১৯-২০ তারিখ : ৩১/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০২। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৩। ........................................................................

........................................................................

৩১/০৮/২১

সহকারী প্রোগ্রামার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি।